



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় :- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ টাঃ-১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) মসজিদুল জামি'আর শূন্য মুয়াজ্জিন পদ পূরণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ফাজিল/ স্নাতক পাশ হইতে হইবে। কুরআনে হাফেজ ও মুয়াজ্জিন পদে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ থাকা আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য হইবেনা। আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন/উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ০২-০৬-২০১৬ তারিখের মধ্যে কোষাধ্যক্ষ-এর অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।

  
২৭/৫/১৬